# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০০৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৫. দ্বিতীয় অনুচ্ছেদ - অনাবাদী জমিন আবাদ করা ও সেচের পালা

## আরবী

وَعَنْ طَاوُسٍ مُرْسَلًا: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «من أحيى مَوَاتًا مِنَ الْأَرْضِ فَهُوَ لَهُ وَعَادِيُّ الْأَرْضِ لِلَّهِ وَرَسُولِهِ ثُمَّ هِيَ لَكُمْ مِنِّي» . رَوَاهُ الشَّافِعِي

## বাংলা

৩০০৩-[১৩] ত্বাউস [ইবনু কায়সার] (রহঃ) মুরসালরূপে বর্ণনা করেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোনো অনাবাদি জমিন চাষাবাদ করবে, ঐ জমিন তার (হক) হবে। মালিকবিহীন জমিন আল্লাহ ও তাঁর রসূলের, অতঃপর আমার পক্ষ হতে তা তোমাদের। (শাফি’ঈ)[1]

## ফুটনোট

[1] য’ঈফ : আল উম্ম লিশ্ শাফি’ঈ ৪/৪৫। কারণ সানাদটি মুরসাল।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَعَادِىُّ الْأَرْضِ) অর্থাৎ- বিল্ডিং এবং ঐ পুরনো ভূসম্পত্তি যার মালিক জানা যায় না। হূদ (আঃ)-এর সম্প্রদায় ‘আদ জাতির যুগে তাতে অধিকারে গত হওয়ার কারণে সেদিকে সম্বন্ধ করা হয়েছে।

(لِلّٰهِ وَرَسُوْلِه) অর্থাৎ- অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা মনে করেন এবং সঠিক বলে জানেন, সে অনুপাতে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাতে কর্তৃত্ব করবেন।

(ثُمَّ هِىَ لَكُمْ مِنِّى) তোমরা তা আবাদকরণে আমি তোমাদেরকে তা দান করার মাধ্যমে। কাযী (রহঃ) বলেনঃ এতে বুঝানো হয়েছে যে, আল্লাহর উল্লেখ তাঁর রসূলের উল্লেখের জন্য ভূমিকা স্বরূপ। এটা মূলত তাঁর মহামর্যাদার কারণে। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হুকুম আল্লাহর হুকুম। এজন্য তার হতে তাঁর রসূলের দিকে প্রত্যাবর্তন করা হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ তাঊস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68330

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন